



বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার  
১৪২১ ও ১৪২২



কৃষি মন্ত্রণালয়

## কৃষি গবেষণায় অবদান

### উদ্ভিদ প্রজনন বিভাগ

(Plant Breeding Division)

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

গাজীপুর

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হলো উদ্ভিদ প্রজনন বিভাগ (Plant Breeding Division)। কম জমিতে অধিক ফলনশীল নতুন জাত উদ্ভাবনে এ ডিভিশন নিরন্তর কাজ করে যাচ্ছে। উক্ত ডিভিশন এখন পর্যন্ত প্রতিকূল আবহাওয়ায় চাষোপযোগী ১৫টি ও অনুকূল আবহাওয়ায় চাষোপযোগী ৬২টি মোট ৭৭টি ইনব্রিড এবং ০৫টি হাইব্রিড নতুন জাত উদ্ভাবন করেছে। উদ্ভাবিত এ জাতগুলো অধিক ফলনশীল, স্বল্প উৎপাদনকাল, পুষ্টি সম্পন্ন এবং প্রতিকূল আবহাওয়ায় চাষোপযোগী। নতুন এসব জাত ধান উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে সহায়ক ভূমিকা পালন করছে। প্রতিকূল আবহাওয়া উপযোগী হওয়ায় প্রত্যন্ত অঞ্চলের কৃষকগণ এসব জাত চাষ করে অধিক লাভবান হচ্ছেন। অন্য সোর্স থেকে ভিটামিন 'এ' সমৃদ্ধ জিন ব্রি২৯ ধানে সন্নিবেশিত করে উক্ত ডিভিশন Genetically Modified Food উদ্ভাবনের দ্বারপ্রান্তে রয়েছে যা Golden Rice হিসেবে পরিচিত। উদ্ভিদ প্রজনন বিভাগের তত্ত্বাবধানে বায়ো-সেফটি রুলস প্রতিপালন করে বর্তমানে পরীক্ষামূলকভাবে দেশের ০৫টি অঞ্চলে Golden Rice উৎপাদন কার্যক্রম চলমান রয়েছে, ফলে দেশের ধান উৎপাদনে বৈপ্লবিক পরিবর্তন আসবে। এছাড়া উদ্ভিদ প্রজনন বিভাগ উদ্ভাবিত চিকন ও সুগন্ধি চালের গুণগতমান বিশ্বের বিভিন্ন দেশে অত্যন্ত সমাদৃত। দেশে উৎপাদিত এ চাল রপ্তানি করে দেশ আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং এতে করে দেশের বৈদেশিক মুদ্রা অর্জনে নতুন খাত সৃষ্টি হয়েছে।

বৈরী জলবায়ু উপযোগী অধিক ফলনশীল ধানের জাত উদ্ভাবনের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের উদ্ভিদ প্রজনন বিভাগ (Plant Breeding Division) কে 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪২২' স্বর্ণপদক প্রদান করা হলো।